

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 04 May, 2025

বিয়ের দাবিতে প্রেমিকের বাড়িতে গত তিনদিন ধরে অনশন করছেন এক সন্তানের জননী তানজিলা বেগম। খবর পেয়ে থানা পুলিশ একাধিকবার ঘটনাস্থলে গিয়েও কোনো সমাধান করতে পারেনি।

ঘটনাটি ঘটেছে বরিশালের হিজলা উপজেলার হরিনাথপুর ইউনিয়নের গঙ্গাপুর গ্রামে।

তানজিলা বেগমের দাবি, প্রায় এক বছর ধরে ওই গ্রামের খায়ের খানের ছেলে শামিম খানের সঙ্গে তার প্রেমের সম্পর্ক চলে আসছে। বিয়ের আশ্বাসে বিভিন্ন সময় তাদের মধ্যে একাধিকবার শারীরিক সম্পর্ক হয়।

শনিবার (৩ মে) বিকেলে অনশনরত তানজিলা বেগম স্থানীয় সংবাদকর্মীদের বলেন, গত ২৯ এপ্রিল শামিমের সঙ্গে তিনি লঞ্চযোগে ঢাকার উদ্দেশ্যে যান। ঢাকার সদরঘাটে পৌঁছে শামিম তাকে টার্মিনালে বসিয়ে রেখে কৌশলে সঙ্গে থাকা নগদ ৮০ হাজার টাকা, একটি স্বর্ণের চেইন ও দুই জোড়া কানের ঝুমকা হাতিয়ে নিয়ে পালিয়ে যায়। পরে তিনি নিজ গ্রামে ফিরে শামিমের বাড়িতে গিয়ে বিয়ের দাবিতে অনশন শুরু করেন।

স্থানীয়রা জানান, শামিমের বাবা আওয়ামী লীগ নেতা খায়ের খান প্রথমে ছেলের সঙ্গে তানজিলার সম্পর্ক মেনে নিয়ে তাকে পুত্রবধূ হিসেবে গ্রহণ করতে সম্মত হন। একপর্যায়ে উপজেলা যুবদলের শীর্ষ এক নেতার হস্তক্ষেপে ওই সমাধান ভেঙে যায়।

হিজলা থানার উপপরিদর্শক (এসআই) মো. আরাফাত রহমান বলেন, “খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে দুপক্ষকে নিয়ে মীমাংসার চেষ্টা করেছি। তবে প্রেমিক শামিম খান আত্মগোপনে থাকায় বিষয়টির কোনো সমাধান হয়নি।

এসআই আরও বলেন, “তানজিলা বেগম বিয়ের দাবিতে শামিমদের বাড়িতে অনশনে থাকায় তাকে থানায় এসে লিখিত অভিযোগ দায়ের করার জন্য বলা হয়েছে। অভিযোগ পেলে পরবর্তী আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিয়ের দাবি পুলিশ

